

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্র/এ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-৬৬৩

তারিখঃ ৩১/০৭/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ নেত্রকোনা জেলার কেন্দ্রুয়া থানাধীন ওরিয়েন্ট টেকনিক্যাল এন্ড বিএম কলেজ এর অধ্যক্ষ জনাব শফিকুল ইসলাম , সভাপতি জনাব আবুল কাশেম এবং ম্যানেজিং কমিটির একজন সদস্য জনাব মাসুদুর রহমানের বিরুদ্ধে বর্ণিত কলেজে নিয়োগ সংক্রান্ত বিষয়ে অভিযোগ প্রাপ্তির প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নেত্রকোনা জেলার কেন্দ্রুয়া থানাধীন ওরিয়েন্ট টেকনিক্যাল এন্ড বিএম কলেজের অধ্যক্ষ জনাব শফিকুল ইসলাম , সভাপতি জনাব আবুল কাশেম এবং ম্যানেজিং কমিটির একজন সদস্য জনাব মাসুদুর রহমানের বিরুদ্ধে এলাকাবাসীর পক্ষে জনাব হারুন অর রশিদ নামক এক অভিযোগকারীর অভিযোগ পাওয়া যায়। প্রাপ্ত অভিযোগের সার-সংক্ষেপ অনুযায়ী-

i. প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব শফিকুল ইসলাম, সভাপতি জনাব আবুল কাশেম ও ম্যানেজিং কমিটির সদস্য জনাব মাসুদুর রহমান এরা তিনজন মিলে অবৈধ নিয়োগ বানিজ্য করে মোটা অংকের টাকা হাতিয়ে নেন। উক্ত প্রতিষ্ঠানের সম্পূর্ণ/ সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর অধিকাংশ নিয়োগেই জাল জালিয়াতি করে প্রদান করা হয়।

ii. অভিযোগকারী বর্ণিত প্রতিষ্ঠানে নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিম্নবর্ণিত সমস্যাবলী তুলে ধরেন-

(ক) প্রভাষক কম্পিউটার অপারেশন পদে নিয়োগ প্রাপ্ত শিক্ষকের নিবন্ধন সনদ ভূয়া।

(খ) উদ্যোক্তা উন্নয়ন বিষয়ে নিয়োগ প্রাপ্ত প্রভাষকের সার্টিফিকেট জাল, নিবন্ধন ভূয়া, নিয়োগের জন্য পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি নাই, সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে চাকুরী করতেন। ২০১৪ সালে শারীরিক অক্ষমতা দেখিয়ে পেনশনে যান পরে নিয়োগ প্রাপ্ত হন, অধ্যবদি তিনি সরকারী ভাতা উত্তোলন করেন।

(গ) প্রভাষক কম্পিউটার অপারেশন-২য় পদের প্রাপ্যতা হওয়ার/ট্রেড অনুমোদনের পূর্বেই নিয়োগ প্রদান করা হয়।

(ঘ) প্রভাষক হিসাব বিজ্ঞান-২য় পদে নিয়োগ প্রাপ্ত প্রভাষকের নিবন্ধন ভূয়া, ট্রেড/স্পেশালাইজেশন অনুমোদনের পূর্বেই তাকে নিয়োগ প্রদান করা হয়।

(ঙ) কম্পিউটার ডেমোনেস্ট্রেশন পদে নিয়োগ প্রাপ্ত ব্যক্তির কম্পিউটার সার্টিফিকেট জাল/ভূয়া।

iii. বর্ণিত কলেজের অধ্যক্ষ জনাব শফিকুল ইসলাম, সভাপতি আবুল কাশেম ও ম্যানেজিং কমিটির সদস্য মাসুদুর রহমান এরা সকলে মিলে সরকারী বিধি ভঙ্গ করে অনিয়মের রাজত্বে নিয়োগ বানিজ্যে মশগুল থাকেন মর্মে অভিযোগকারী তার অভিযোগে তুলে ধরেন। উক্ত প্রতিষ্ঠানে বেতনভুক্ত শিক্ষকগণ অনিয়মের মাধ্যমে নিয়োগ প্রাপ্ত হওয়ায় উক্ত কলেজের অধ্যক্ষ ও সভাপতিকে তাদের দূর্নীতি/জালিয়াতি এমনকি নিয়োগ বানিজ্যের বিষয়ে কিছুই বলতে পারেন না। উপর্যুক্ত আনীত অভিযোগগুলো অবিশ্বাস্য মনে হলেও যাচাই-বাছাই করলে পুরো সত্যতা বাহির হবে মর্মে অভিযোগকারী তার অভিযোগ তুলে ধরেন এবং বিষয়গুলো তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক অত্র দপ্তর বরাবর বিশেষভাবে অনুরোধ জানান।

এমতাবস্থায় আনীত অভিযোগের সুষ্ঠু তদন্ত পূর্বক তদন্ত প্রতিবেদন যথাযথ প্রমানক সহ অত্র দপ্তরে আগামী ১০(দশ) কর্মদিবসের মধ্যে প্রেরনের জন্য আপনাকে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

প্রাপকঃ
জেলা শিক্ষা অফিসার
নেত্রকোনা।


স্বাক্ষরিত/-
(ড. মোঃ নূরুল ইসলাম)
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-৬৬৩(৭)

তারিখঃ ৩১/০৭/২০১৮ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, নেত্রকোনা।
- ২। উপ-সচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সভাপতি, ওরিয়েন্ট টেকনিক্যাল এন্ড বিএম কলেজ, কেন্দ্রুয়া, নেত্রকোনা।
- ৪। অধ্যক্ষ, ওরিয়েন্ট টেকনিক্যাল এন্ড বিএম কলেজ, কেন্দ্রুয়া, নেত্রকোনা।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।
- ৬। পিএ.টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সংরক্ষণ নথি।


(মোঃ জহরুল ইসলাম)
সহকারী পরিচালক (এমপিও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।